

- ৫। যে-কোনো একটি কাব্যাংশের ছন্দোলিপি নির্ণয় করো (পদ, পর্ব, পঙ্ক্তি, লয়, মাত্রা ও রীতির উল্লেখ করতে হবে)। ৫×১
- (ক) দহনশয়নে তপ্ত ধরণী পড়েছিল পিপাসার্তা
পাঠালে তাহারে ইন্দ্রলোকের অমৃতময় বার্তা।
- (খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।
- ৬। যে-কোনো একটি কবিতাংশের অলংকার নির্ণয় করো। ৫×১
- (ক) আমি কি ডরাই সখি ভিখারী রাখবে!
- (খ) এমন মানবজমিন রইল পতিত
আবাদ করলে ফলতো সোনা।
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১
- (ক) মধ্যভারতীয় আর্য ভাষার 'অপভ্রংশ' স্তর
- (খ) প্রাচীন মাত্রাবৃত্ত / প্রত্ন মাত্রাবৃত্ত
- (গ) বক্রোক্তি।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।
- (খ) শ্রীকৃষ্ণকীর্তনের প্রেক্ষিতে আদি-মধ্য বাংলার ধ্বনিতাত্ত্বিক একটি বৈশিষ্ট্য লেখো।
- (গ) শ্রীকৃষ্ণকীর্তনে 'আমি'-র রূপ কী?
- (ঘ) প্রাচীন ভারতীয় আর্যভাষার যুগগত নাম কী?
- (ঙ) পালি ভাষায় রচিত একটি নিদর্শনের নাম লেখো।
- (চ) দলবৃত্ত ছন্দের অন্য নামগুলি কী কী?
- (ছ) বাংলা ছন্দে দল কয় প্রকার ও কী কী?
- (জ) 'সাহিত্য' শব্দে কী কী দল আছে?
- (ঝ) অতিপর্ব বলতে কী বোঝো?
- (ঞ) কোন ছন্দের চলন মধ্যম লয়ের?
- (ট) লাটানুপ্রাসের একটি উদাহরণ দাও।
- (ঠ) শ্লেষ কয় প্রকার ও কী কী?
- (ড) সমাসোক্তি অলংকারের একটি বৈশিষ্ট্য লেখো।
- (ঢ) 'মধুহীন কোরো না গো তব মন কোকনদে' — কী অলংকার?
- (ণ) 'চঞ্চল আলো কাঁপিছে জলে আশার মতন' — কোন্ অলংকারের প্রয়োগ ঘটেছে?

২০২২

দ্বিতীয় সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : GE/CC-2

(ঐতিহাসিক ভাষাবিজ্ঞান, ছন্দ ও অলংকার)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়সীমা উল্লেখ করে এই ভাষা থেকে উদ্ভূত প্রাকৃতের স্তরগুলি রেখাচিত্রের সাহায্যে দেখাও। ১০

অথবা,

- (খ) আদি-মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

- ২। (ক) যে-কোনো দুটি বিষয় উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫+৫
দল, কলা, মাত্রা, চরণ।

অথবা,

- (খ) উদাহরণসহ মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দোরীতির বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

- ৩। (ক) যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো। ৫+৫
যমক, শ্লেষ, পূর্ণোপমা, ব্যাজস্তুতি।

অথবা,

- (খ) অনুপ্রাস অলংকার কাকে বলে? অনুপ্রাস অলংকার কয় প্রকার ও কী কী? উদাহরণসহ যে-কোনো দুটি অনুপ্রাস অলংকারের সংজ্ঞা লেখো। ২+২+(৩+৩)

- ৪। (ক) বৈদিক ভাষা ও সংস্কৃত ভাষার মধ্যে পার্থক্য নির্দেশ করো। ৫

অথবা,

- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের বাক্যরীতিগত ও ছন্দোরীতিগত বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ উল্লেখ করো। ৫

Please Turn Over